

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ২৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

প্রশাসন-১/২ অধিশাখা

পরিপত্র

তারিখ, ২৬ শ্রাবণ ১৪২১/১০ আগস্ট ২০১৪

নং ০৫.০০.০০০০.১১১.১০.০০১.২০১৪-৪১৬—টেলিটক বাংলাদেশ লিমিটেড ৩-জি প্রযুক্তি সমৃদ্ধ আধুনিক টেলিযোগাযোগ সেবা প্রদানকারী একটি রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান। সরকারি ব্যয়ে মোবাইল ফোন ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের মোবাইল সংযোগ গ্রহণের ক্ষেত্রে টেলিটকের সংযোগ গ্রহণের অগ্রাধিকার প্রদানের বিষয়টি সমন্বিত টেলিফোন ব্যবহার নীতিমালা ২০০৪ এ অন্তর্ভুক্ত করা হয়েছে। ইতোমধ্যে Asymmetric Digital Subscriber Line (ADSL) সংযোগসহ সরকারি আবাসিক টেলিফোন ব্যবহারের ব্যয়সীমাও বৃদ্ধি করা হয়েছে। বর্তমানে সকল বিভাগীয় শহরসহ ২২টি জেলা সদর এলাকায় টেলিটকের ৩-জি নেটওয়ার্ক বাস্তবায়ন করা হয়েছে। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত দপ্তরে কর্মরত সরকারি ব্যয়ে মোবাইল ফোন ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণ ইন্টারনেট ব্যবহারের ক্ষেত্রে টেলিটকের ৩-জি সংযোগ গ্রহণকে অগ্রাধিকার প্রদান করবেন।

এ বি এম আমিন উল্লাহ নুরী
উপসচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১৯৬৬৩)

মূল্য : টাকা ৪.০০